তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী
লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বিষয়ক নৈতিকতা কমিটির ২০২৩-২৪ অর্থবছরে অনুষ্ঠিত ১ম সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | প্রকৌঃ মোঃ হারুনুর রশীদ মোল্লাহ্<br>ব্যবস্থাপনা পরিচালক ও আহবায়ক, নৈতিকতা কমিটি। |
| সভার তারিখ | ৩১ জুলাই,২০২৩ (সোমবার)। |
| সভার সময় | সন্ধ্যা ০৭:৩০ ঘটিকা। |
| স্থান | ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর। |
| উপস্থিতি | নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ |

১। আহবায়ক, নৈতিকতা কমিটি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন । তিনি শুদ্ধাচারের আদর্শে অনুপ্রাণিত হয়ে সকলকে কাজ করার জন্য আহবান জানান ।

২।**আলোচনা ও পর্যবেক্ষণ:**

**২.১। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ অনুযায়ী ১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রা বাস্তবায়ন সংক্রান্ত :**

সভায় কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক ও আহ্বায়ক, নৈতিকতা কমিটি-এর নির্দেশক্রমে উপমহাব্যবস্থাপক (মাসউ) ও সদস্য-সচিব, সংশ্লিষ্ট নৈতিকতা কমিটি কোম্পানি কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ -এর ১ম কোয়ার্টারে উল্লেখিত কার্যক্রমসমূহ ক্রমানুযায়ী সভায় উপস্থাপন করেন। ২০২৩-২০২৪-এর ১ম কোয়ার্টারে উল্লেখিত কার্যক্রমসমূহ স্ব স্ব ডিভিশন/বিভাগীয় প্রধানগণ কর্তৃক বাস্তবায়ন করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।
সভায় উপমহাব্যবস্থাপক (মাসউ) ও সদস্য-সচিব, কোম্পানির নৈতিকতা কমিটি, অবহিত করেন যে পেট্রোবাংলা'র আওতাধীন কোম্পানিসমূহের ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী বার্ষিক বাস্তবায়ন প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদান সভায় পেট্রোবাংলা কোম্পানির শুদ্ধাচার কার্যক্রমকে সন্তোষজনক বলে উল্লেখ করেছে। পাশাপাশি তিনি উল্লেখ করেন যে পেট্রোবাংলা'র আওতাধীন ১৩ টি কোম্পানিসমূহের মাঝে কেবল ০৫ টি কোম্পানির কার্যক্রম সন্তোষজনক হিসেবে পেট্রোবাংলা উল্লেখ করেছে। ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ায় কমিটির সদস্যবৃন্দ সন্তোষ প্রকাশ করেন।

উপ-মহাব্যবস্থাপক (মাসউ) ও সদস্য-সচিব, সংশ্লিষ্ট কমিটি সভাকে অবহিত করেন যে ১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী আগামী ৩০ সেপ্টেম্বর ২০২৩ তারিখের মধ্যে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে । আহ্বায়ক, নৈতিকতা কমিটি নির্ধারিত তারিখের মধ্যে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-মহাব্যবস্থাপক (মাসউ) কে নির্দেশনা প্রদান করেন।

সভায় ১ম কোয়ার্টারে বাস্তবায়িতব্য কার্যক্রমসমূহের মধ্যে সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় সদস্যবৃন্দ এ বিষয়ে বিপণন ও রাজস্ব ডিভিশন কর্তৃক প্রয়োজনীয়

কার্যক্রম গ্রহণ করার বিষয়ে একমত পোষণ করেন । কর্ম পরিবেশ উন্নয়ন এর লক্ষ্যে পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধির জন্য বিভিন্ন জোবিঅ/আবিবি/আবিডি তে ব্যানারসহ পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

**২.২। ২০২৩-২০২৪ অর্থবছরেজাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা এর অতিরিক্ত বিষয়ে আলোচনা :**
জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর বাহিরে বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সেক্ষেত্রে গ্রাহক সেবা দ্রুত ও সহজীকরণের জন্য আঞ্চলিক বিপণন বিভাগ - সোনারগাঁও এ একটি Help –Desk স্থাপনের বিষয়ে কমিটি সম্মতি পোষন করে ।

**২.২। ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ২য় ত্রৈমাসিক-এর লক্ষ্যমাত্রা সংক্রান্ত আলোচনা:**
সভায় কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক ও আহ্বায়ক, নৈতিকতা কমিটি কোম্পানি কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার গুরুত্ব ও এর পরিধির বিষয়ে সকল সদস্যদের অবগত করেন এবং জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪-এর ২য় ত্রৈমাসিক-এর লক্ষ্যমাত্রা সংশ্লিষ্ট ডিভিশন/বিভাগীয় প্রধানগণ কর্তৃক বাস্তবায়ন করার বিষয়ে তৎপর থাকার জন্য নির্দেশনা প্রদান করেন।

**৩।** বিস্তারিত আলোচনা শেষে নৈতিকতা কমিটি সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেঃ
**সিদ্ধান্ত:**
**৩.১)** ৩০-০৯-২৩ এর ভেতর শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে ;
**কার্যব্যবস্থায়:** উপমহাব্যবস্থাপক (মাসউ) ও সদস্য-সচিব, নৈতিকতা কমিটি।
**৩.২)** কোম্পানীর বিভিন্ন অফিসে পরিস্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা ও মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করতে হবে;
**কার্যব্যবস্থায়:** সকল ডিভিশন প্রধান।
**৩.৩)** সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে;
**কার্যব্যবস্থায়:** সকল বিপণন ও মেট্রো ঢাকা রাজস্ব ডিভিশন, টিজিটিডিসিএল।
**৩.৪)** আবিবি- সোনারগাঁও এ গ্রাহক সেবা দ্রুত ও সহজীকরণের জন্য একটি Help –Desk স্থাপনের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে;
**কার্যব্যবস্থায়:** উপমহাব্যবস্থাপক (আবিবি- সোনারগাঁও)।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় কমিটির আহবায়ক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।



প্রকৌঃ মোঃ হারুনুর রশীদ মোল্লাহ্
ব্যবস্থাপনা পরিচালক ও আহবায়ক, নৈতিকতা কমিটি।

স্মারক নম্বর: ২৮.১৩.০০০০.০৫৪.৩২.০০২.২৩.১৫৯

তারিখ: ২৩ শ্রাবণ ১৪৩০
০৭ আগস্ট ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাব্যবস্থাপক (অর্থ), অর্থ ডিভিশন, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

২) মহাব্যবস্থাপক, প্রশাসন ডিভিশন, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

৩) মহাব্যবস্থাপক (অপারেশন), অপারেশনস ডিভিশন, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

৪) উপব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), আঞ্চলিক বিপণন ডিভিশন- নারায়ণগঞ্জ , তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

৫) মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব), পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

৬) উপমহাব্যবস্থাপক, মানব সম্পদ উন্নয়ন ডিপার্টমেন্ট, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

৭) ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

প্রকৌঃ মোঃ হারুনুর রশীদ মোল্লাহ্
ব্যবস্থাপনা পরিচালক